



## এনসিপি থেকে অব্যাহতি পাওয়া গাজী সালাউদ্দিন তানভীর গ্রেপ্তার



গাজী সালাউদ্দিন তানভীর। ছবি: সংগৃহীত

প্রধানমন্ত্রী তারেক রহমানকে নিয়ে সামাজিক যোগাযোগমাধ্যমে আপত্তিকর ও মানহানিকর পোস্ট দেওয়ার অভিযোগে জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) অব্যাহতিপ্রাপ্ত নেতা গাজী সালাউদ্দিন তানভীরকে গ্রেপ্তার করেছে পুলিশ।

বুধবার (৫ আগস্ট) বগুড়া সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) ইব্রাহিম আলী গ্রেপ্তারের বিষয়টি নিশ্চিত করেন।

জানা গেছে, সম্প্রতি সিলেটে এনসিপির একটি পথসভায় হামলার ঘটনার পর গাজী সালাউদ্দিন তানভীর তার ফেসবুক অ্যাকাউন্টে প্রধানমন্ত্রীকে নিয়ে একটি পোস্ট দেন। পোস্টটি নিয়ে সামাজিক যোগাযোগমাধ্যমে ব্যাপক আলোচনা-সমালোচনার সৃষ্টি হলে তিনি তা মুছে ফেলেন এবং দুঃখ প্রকাশ করেন। তবে এরই মধ্যে পোস্টটির স্ক্রিনশট ছড়িয়ে পড়ে। পরে দলীয় শৃঙ্খলাভঙ্গের অভিযোগে তাকে এনসিপির যুগ্ম সদস্য সচিব পদ থেকে অব্যাহতি দেওয়া হয়।

এ ঘটনায় গত ২ আগস্ট বগুড়া সদর উপজেলা বিএনপির সভাপতি মাফতুন আহমেদ খান রুবেল বাদী হয়ে সাইবার সুরক্ষা আইনে মামলা দায়ের করেন। মামলায় অভিযোগ করা হয়, গাজী সালাউদ্দিন তানভীরের ফেসবুক পোস্টে প্রধানমন্ত্রীর বিরুদ্ধে মানহানিকর ও উসকানিমূলক বক্তব্য দেওয়া হয়েছে, যা জনমনে বিভ্রান্তি ও উত্তেজনা সৃষ্টি করেছে।

বগুড়া সদর থানার ওসি ইব্রাহিম আলী জানান, মঙ্গলবার রাতে ঢাকায় অভিযান চালিয়ে গাজী সালাউদ্দিন তানভীরকে গ্রেপ্তার করা হয়েছে। তাকে বগুড়ায় নেওয়া হচ্ছে। পরে সংবাদ সম্মেলনের মাধ্যমে এ বিষয়ে বিস্তারিত তথ্য জানানো হবে।